



“সমুদ্রে অনুসন্ধান, দেশের কল্যাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট  
কক্সবাজার - ৪৭৩০।

Website: www.bori.gov.bd, Phone: +88-034152540

স্মারক নং- ৩৯.০৮.০০০০.০০৯.৩১.০২০.২২-৬৩৬

তারিখঃ ০২/১০/২০২৪খ্রি.

“আদেশ”

বিষয়ঃ বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট-এর মেডিক্যাল অফিসার (শিক্ষানবিশ) জনাব ফাতেমা রহমান এর চাকুরী অবসান প্রসঙ্গে।

জনাব ফাতেমা রহমান বিগত ২৯/০৮/২০২২ তারিখে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট এর মেডিক্যাল সেন্টারে মেডিক্যাল অফিসার (শিক্ষানবিশ) পদে যোগদান করেন। শিক্ষানবিশ হিসাবে চাকুরীর মেয়াদকালে তীর আচরণ ও কর্ম সন্তোষজনক না। এ বিষয়ে তাকে বিভিন্ন সময়ে সতর্ক করা হয়েছে এবং বহুবার কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়েছে, তারপরও তীর আচরণ ও কর্ম সন্তোষজনক হয়নি। তীর কার্যক্রমের রেকর্ড অনুযায়ী তীর কর্মদক্ষ হওয়ার সম্ভাবনাও নাই।

২। সরকারের অডিট কার্যক্রমের নিয়মানুগ নিরীক্ষা প্রতিবেদন (AIR) এর স্মারক নং ৮২.১৫.০০০০.০০৫.০৯.০০১.২৩-০৪ তারিখঃ ২১/০১/২০২৪ এর Serious Financial Irregularities (SFI) অনুচ্ছেদ নম্বর-৭, শিরোনামঃ জাল জালিয়াতির মাধ্যমে নিয়োগ প্রদান করায়” অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক নং ৩৯.০৮.০০০০.০০৯.১১.০০৪.১৯-৪৬৩ তারিখঃ ২৫/০৯/২০১৯ মোতাবেক আবেদন না করা সত্ত্বেও তাকে জাল জালিয়াতির মাধ্যমে নিয়োগ করা হয়েছে মর্মে বলা হয়েছে এবং নিয়োগ প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট ব্যক্তিদের দায়-দায়িত্ব নির্ধারণপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং জড়িত ব্যক্তিদের নিকট থেকে সমুদয় অর্থ আদায় করে প্রতিষ্ঠানের তহবিলে জমা প্রদান করা আবশ্যিক হিসাবে সুগারিশ করা হয়েছে।

৩। তাছাড়া তীর চাকুরীর রেকর্ড পর্যালোচনায় দেখা যায় যে, তীর নিয়োগ নিয়ে অভিযোগের প্রেক্ষিতে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের স্মারক নং ৩৯.০০.০০০০.০১৮.৯৯.০০১.২২/৪৬ তারিখঃ ২৮/০৩/২০২৩ এবং মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৪১৬.২৭.০০১.২৩.১৮৪ তারিখঃ ১৬/০৩/২০২৩ পত্রানুযায়ী জনাব ফাতেমা রহমানের নিয়োগ প্রক্রিয়ায় অনিয়ম-দুর্নীতির অভিযোগের সুনির্দিষ্ট জবাব চাওয়া হয়েছে এবং দুর্নীতির মাধ্যমে নিয়োগ প্রক্রিয়ায় ৮০১ রোল নম্বরধারী প্রার্থী জনাব মোঃ ওয়াহেদুজ্জামান এর স্থলে আবেদন না করা জনাব ফাতেমা রহমানকে নিয়োগ দেয়া হয়েছে মর্মে পত্র জবাব চাওয়া হয়েছে। এ ধরনের জালিয়াতির নিয়োগের বিষয়ে দেশের বিভিন্ন পত্রিকায় রিপোর্টও প্রকাশিত হয়েছে, যা অডিট আপত্তিতেও সংযুক্ত হয়েছে।

৪। উপর্যুক্ত প্রেক্ষিতে এবং শিক্ষানবিশ হিসাবে চাকুরীর মেয়াদকালে আচরণ ও কর্ম সন্তোষজনক না হওয়ায় এবং কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা না থাকায় বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট এর কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১৭ এর বিধি ৬ এর উপবিধি ২(ক) ও বিধি ৬ এর উপবিধি ৩(খ)(অ) এবং ১৬/০৮/২০২২ তারিখের স্মারক নং ৩৯.০৮.০০০০.০০৯.১১.০০৪.১৯.৫৩৪ মোতাবেক নিয়োগপত্রের শর্তাবলী (২) অনুযায়ী অদ্য ০২/১০/২০২৪ তারিখ পূর্বে বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট এর মেডিক্যাল অফিসার (শিক্ষানবিশ) জনাব ফাতেমা রহমান এর চাকুরী অবসান করা হলো।

৫। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(অধ্যাপক ড. তোহিদা রশীদ)

মহাপরিচালক

বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

**অনুলিপি (দ্রোষ্টার ভিত্তিতে নয়) (সদয় অবগতির জন্য):**

- ১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

**অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):**

- ১। চীফ একাউন্টস এন্ড ফিনান্স অফিসার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। হিসাবরক্ষণ কর্মকর্তা, জেলা হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় (ডিএও), কক্সবাজার।
- ৩। বিভাগীয় প্রধান, বায়োলজিক্যাল ওশানোগ্রাফি বিভাগ, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, কক্সবাজার।
- ৪। সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, কক্সবাজার।
- ৫। সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, কক্সবাজার।
- ৬। সহকারী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, কক্সবাজার।
- ৭। লাইব্রেরিয়ান, তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, কক্সবাজার।
- ৮। ডাটা এনালিস্ট, তথ্য ব্যবস্থাপনা বিভাগ, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, কক্সবাজার (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৯। সিকিউরিটি সুপারভাইজার, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, কক্সবাজার।
- ১০। প্লাটুন কমান্ডার (পিসি), আনসার, বাংলাদেশ ওশানোগ্রাফিক রিসার্চ ইনস্টিটিউট, কক্সবাজার।
- ১১। অফিস কপি/মাস্টার ফাইল।